# ১৮ কোটি মানুষের আইনশৃঙ্খলা সামলানো কঠিন কাজ : স্বরাষ্ট্র উপদেষ্টা



স্বরাষ্ট্র উপদেষ্টা জাহাঙ্গীর আলম। ছবি: সংগৃহীত

দেশের বিপুল জনসংখ্যার আইনশৃঙ্খলা বজায় রাখা বড় চ্যালেঞ্জ বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী। তিনি বলেন, অল্প কয়েকজনকে সামাল দিতেই সময় লাগে—সেখানে ১৮ কোটি মানুষের নিরাপত্তা নিশ্চিত করা সহজ নয়।

রোববার দুপুরে চট্টগ্রাম ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে আইনশৃঙ্খলা বাহিনীর সঙ্গে মতবিনিময় শেষে সাংবাদিকদের তিনি এ কথা জানান। উপদেষ্টা বলেন, নির্বাচন ঘিরে আইনশৃঙ্খলা বাহিনীর প্রস্তুতি সন্তোষজনক। পরিকল্পনা অনুযায়ী কাজ এগোলে ভোট হবে সুষ্ঠু, উৎসবমুখর ও নিরপেক্ষ।

সামাজিক যোগাযোগমাধ্যমের স্বাধীনতার প্রসঙ্গ তুলে তিনি বলেন, এখন মানুষ আগের চেয়ে বেশি স্বাধীনভাবে মত প্রকাশ করতে পারছে। ফেসবুক বা ইন্টারনেট বন্ধ করার মতো পদক্ষেপ গ্রহণযোগ্য নয়; কেউ এমন করলে ব্যবস্থা নেওয়া হবে। সাংবাদিকদের প্রশ্ন করার পরিবেশও আগের তুলনায় উন্মুক্ত হয়েছে বলে মন্তব্য করেন তিনি।

চট্টগ্রামে নির্বাচনকে কেন্দ্র করে পরিস্থিতি ভালো রয়েছে জানিয়ে তিনি বলেন, কোনো বিশৃঙ্খলা বরদাশত করা হবে না। সেনাবাহিনী, বিজিবি ও পুলিশ সমন্বিতভাবে দায়িত্ব পালন করছে।

মতবিনিময় সভায় বিভাগীয় কমিশনার ড. মো. জিয়াউদ্দীন ও জেলা প্রশাসক মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা উপস্থিত ছিলেন।

LENS ASIA